

অভিযাত্রা

বিশ্বদেব মুখোপাধ্যায়

এখনো বসন্ত হাওয়া খেলা করে বৈশাখের ঘরে
শিররে অবাধ জানলা, গরাদের পরপারে কার
স্মৃতির উজ্জ্বল ছবি আজও সেই হেলানো চেয়ারে
বসে আছে। অনর্গল কবিতায় দূরাগত গানে
এখনো বসন্ত হাওয়া খেলা করে বৈশাখের ঘরে।

মাঝে দীর্ঘ অন্ধকার একশত আলোক বছর
পেরিয়ে নক্ষত্রগতি অনন্তের মহাশূন্য যান
কতদূর নিয়ে যাবে? কত ব্যাপ্তি বোধের গভীর
আমাকে নিমগ্ন করবে? ইতস্ততঃ তুলোর মতন
সাহানার মেঘ ভাসছে মহাস্তর্ক ইমনের নীলে
উন্মোচিত কর যত মনে হয় অনিত দুরেই
মোহনায় গর্জন করছে শতাব্দীর ফ্রেনশ্রাবী টেড়
অথচ ভিতরে স্থির কর্ণধার, নিস্তর্ক কেবিন...
চলেছে নির্ভুল লক্ষ্যে জানালার পাশে শুধু তাঁর
নিমিলীত চোখ, খুব ধীরে ধীরে তজনী ঘুরিয়ে
দেখালেন সুবিস্তৃত সমুখে শান্তির পারাবার!